গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
www.techedu,gov,bd

স্মারক নংঃ ৩৭.০৩.০০০০.০৩৫.২৫.০১৮.১৬- তারিখঃ /০৭/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ ৭৫তম রোভার স্কাউট লিডার অ্যাডভান্সড কোর্স-এ প্রশিক্ষণার্থী প্রেরণ।**

সূত্রঃ বাঃস্কাঃরোঃঅঃ (ট্রেনিং)/অ্যাড-৭৫/বাহাদুরপুর)/১৬(১৫০)/২০১৬, তারিখ: ১২/০৭/২০১৬খ্রিঃ।

উপরোক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল এর পত্র- ০২ (দুই) পাতা।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)

প্রাপকঃ
অধ্যক্ষ
টিটিটিসি/পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/সিরামিকস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার/ভিটিটিআই, বগুড়া।

স্মারক নংঃ ৩৭.০৩.০০০০.০৩৫.২৫.০১৮.১৬-৬০ (৪) তারিখঃ ১৭ /০৭/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। পরিচালক, প্রশাসন/পরিকল্পন ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইইউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সহকারি পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কমকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। সংশ্লিষ্ট নথি।

Salma
17.07.16
(সালমা বেগম)
প্রশিক্ষণ কর্মকর্তা
ই-মেইলঃ
training.dte.edu@gmail.com

Training/727


# বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল

৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

☎ ৮৩১৭৯৭১, ফ্যাক্স ঃ ৯৩৩০১৭৩, ওয়েব সাইট ঃ www.roverscout.org

E-mail: roverscoutbd@yahoo.com, roverscoutbd@gmail.com


পত্র নং-বাঃস্কাঃরোঃঅঃ(ট্রেনিং/অ্যাড-৭৫/বাহাদুরপুর)/ ২৬(৫০০)/২০১৬ তারিখ ঃ ২১ জুলাই, ২০১৬

**অধ্যক্ষ/গ্রুপ সভাপতি**

..............................................................................................

**বিষয় ঃ <u>৭৫ তম রোভার স্কাউট লিডার অ্যাডভান্সড কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ সম্পর্কীয়।</u>**

জনাব,

শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে প্রচলিত শিক্ষা কার্যক্রমের সম্পূরক হিসেবে বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম অনুযায়ী সারা দেশে স্কাউটিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সুনাগরিক তৈরির লক্ষ্যে বিশ্বব্যাপী স্বীকৃত স্কাউট আন্দোলনের ভূমিকা ও অবদানের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশে ডিগ্রী পাস ও অনার্স কোর্সে রোভার স্কাউটিংকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত করা হয়েছে।

উল্লেখ্য, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্কাউটিং কার্যক্রম চালুকরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পরিপত্র জারী করা হয়েছে, যা'তে শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে রোভার স্কাউট তহবিল গঠন করে উক্ত অর্থ শুধু রোভারিং কার্যক্রমে ব্যয় করার সুনির্দিষ্ট নির্দেশ রয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের যথাক্রমে সভাপতি ও কমিশনার হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে রোভার স্কাউট দল গঠনের নিমিত্তে সর্বাগ্রে প্রয়োজন ছেলেদের জন্য একজন প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ শিক্ষক এবং মেয়েদের জন্য একজন প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা শিক্ষক। তবে সুষ্ঠুভাবে একটি দল পরিচালনার জন্য দু'জন করে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা হলে ভাল হয়।

এ উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত স্থান ও তারিখে আয়োজিত রোভার স্কাউট লিডার অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণের নিমিত্তে ইতঃপূর্বে সাফল্যের সাথে রোভার স্কাউট লিডার বেসিক কোর্সে অংশগ্রহণকারী আপনার প্রতিষ্ঠানের স্কাউটার ....................................................................................-কে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল থেকে প্রাথমিকভাবে মনোনয়ন দেয়া হয়েছে। প্রার্থীর স্কাউটিং সংক্রান্ত তথ্য এবং প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ প্রাপ্তির পর রোভার অঞ্চল থেকে তাঁকে চূড়ান্ত মনোনয়ন দেয়া হবে।

| | | |
|---|---|---|
| কোর্সের নাম | ঃ | ৭৫ তম রোভার স্কাউট লিডার অ্যাডভান্সড কোর্স |
| কোর্স অনুষ্ঠানের তারিখ | ঃ | ৯ – ১৪ আগস্ট, ২০১৬ |
| কোর্সের স্থান | ঃ | রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুর |
| নাম প্রেরণের শেষ তারিখ | ঃ | ২৫ জুলাই, ২০১৬ |
| নাম প্রেরণের ঠিকানা | ঃ | সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল<br>৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০ |

**<u>কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী ঃ</u>**

১। অধ্যক্ষের মনোনয়ন পত্রসহ প্রশিক্ষণার্থীর সম্মতিপত্র অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে উপরোক্ত ঠিকানায় পৌঁছাতে হবে। তবে মনোনীত শিক্ষককে বেসিক কোর্স সম্পন্ন করার পর কমপক্ষে ছয় মাস ইউনিট পরিচালনার সাথে সক্রিয়ভাবে সম্পৃক্ত থাকতে হবে।

২। চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীকে অবশ্যই ৯ আগস্ট, ২০১৬ তারিখ সকাল ১০.০০ টায় কোর্স অনুষ্ঠান স্থলে উপস্থিত হয়ে কোর্স লিডারের নিকট রিপোর্ট করতে হবে।

অপর পৃঃ দ্রঃ

৩। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ এলাকায় উপস্থিত হয়ে মাথাপিছু কোর্স ফি, খাতা ও বাংলাদেশ স্কাউটসের মাসিক অগ্রদূত পত্রিকার বার্ষিক গ্রাহক ফিসহ মোট ৭৪০.০০ (সাতশত চল্লিশ) টাকা জমা দিতে হবে।

৪। কোর্স কর্তৃপক্ষ কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবেন। প্রশিক্ষণার্থীদের তাঁবুতে থাকতে হবে ও উপদল ভিত্তিতে নিজেদের রান্না করে খেতে হবে। কোর্স চলাকালীন সার্বক্ষণিকভাবে কোর্সে অবস্থান করতে হবে এবং তাঁদেরকে কোর্স এলাকা ত্যাগ করতে দেয়া যাবে না।

৫। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ওরিয়েন্টেশন ও বেসিক কোর্সের সনদের ফটোকপি এবং রানিং খাতা, স্কাউট পোশাক, সময়োপযোগী বিছানাপত্র (মশারীসহ), ব্যক্তিগত ব্যবহার্য কাপড়-চোপড়, পিটি স্যু, জ্যামিতি বক্স, কলম, পেন্সিল, ইরেজার, আধা দিস্তা সাদা কাগজ, একটি ক্লিপ বোর্ড, সেভিংগিয়ার, আয়না-চিরুণী, খাওয়ার প্লেট, গ্লাস/মগ এবং ১২ ফুট লম্বা ও কোয়ার্টার ইঞ্চি মোটা একখন্ড পাটের দড়িসহ ব্যক্তিগত প্রয়োজনীয় জিনিস আবশ্যিকভাবে সাথে আনতে হবে।

৬। স্কাউট কার্যক্রমে অংশগ্রহণকারীগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের-No.SXI/13P-17/72/685/150-Edn, Dated-19/6/73-আদেশ মোতাবেক ভ্রমণ ভাতা পাবেন। প্রয়োজনবোধে কোর্স ফি এবং যাতায়াত বাবদ প্রকৃত খরচ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্কুলার অনুযায়ী নিজ নিজ প্রতিষ্ঠানের রোভার স্কাউট তহবিল থেকে বহন করা যাবে।

**যাতায়াত ব্যবস্থা ঃ**

সায়েদাবাদ বাসস্ট্যান্ড থেকে গাজীপুরগামী বাসে করে গাজীপুর চৌরাস্তায় নেমে টেম্পু অথবা বেবীযোগে ময়মনসিংহ রোডে ৮ কি.মি. উত্তরে মাস্টারবাড়ী হয়ে বাহাদুরপুর (ভীম বাজার) রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। শ্রীপুর/ কাপাসিয়াগামী বাসে পোড়াবাড়ীর পরে মাস্টারবাড়ী বাসস্ট্যান্ডে নেমে রিক্সায়/ভ্যানে প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। তাছাড়া সায়েদাবাদ বাসস্ট্যান্ড থেকে গাজীপুরগামী ভাওয়াল মির্জাপুরের বাসে সরাসরি প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। এছাড়া ঢাকা (টি এন্ড টি-ফুলবাড়ীয়া) থেকে গাজীপুরগামী (ঢাকা পরিবহন) বাসে করে জয়দেবপুর(গাজীপুর) চৌরাস্তায় নেমে টেম্পু অথবা বেবীযোগে বাহাদুরপুর (ভীম বাজার) রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়।

**ধন্যবাদান্তে,**

স্কাউট সেবায় নিয়োজিত

(প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
এবং কমিশনার
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল

**অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। আঞ্চলিক উপ-কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল।

৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল।

৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।

৫। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ................. জেলা রোভার। তাঁর জেলা রোভার স্কাউটসের অপেক্ষমান যোগ্য প্রার্থীদেরকে এই কোর্সে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

৬। জনাব ..........................................................................................................

তাঁকে অত্র পত্রের সাথে সংযুক্ত তথ্য ফরমটি যথাযথভাবে পূরণ করে অধ্যক্ষ/গ্রুপ সভাপতির সুপারিশসহ ২৫ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে রোভার অঞ্চলের সম্পাদকের বরাবরে ডাকযোগে অথবা ই-মেইলে পাঠানোর জন্য অনুরোধ করা গেল।

৭। নথি।